উপজেলা পরিষদ
জামালগঞ্জ, সুনামগঞ্জ।

উপজেলা পরিষদের এপ্রিল, ২০২২ মাসের মাসিক সভা এর কার্যবিবরণী:

সভাপতি : জনাব মোঃ ইকবাল আল আজাদ
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালগঞ্জ, সুনামগঞ্জ।

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।
তারিখ : ২৬/০৪/২০২২খ্রিষ্টাব্দ, সময় বেলা- ০৩.০০ ঘটিকা।

উপস্থিত/অনুপস্থিত সদস্য এবং উপজেলার সকল বিভাগের প্রধানের তালিকা পরিশিষ্ট "ক" তে উল্লেখ করা হলো।

সভাপতি উপস্থিত সকলকে সভায় স্বাগত জানান এবং সভার পরবর্তী কার্যক্রম পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার সভাপতির অনুমতিক্রমে সভার কাজ শুরু করেন। মাননীয় সংসদ সদস্য ও উপজেলা পরিষদের সম্মানিত উপদেষ্টা ইঞ্জিনিয়ার মোয়াজ্জেম হোসেন রতন মহোদয় সভায় সদয় উপস্থিত হওয়ায় কৃতজ্ঞতা ও অভিনন্দন জ্ঞাপন করেন। অত:পর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী আনয়নের প্রয়োজন হলে উপস্থাপনের অনুরোধ করেন। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অত:পর সভায় আলোচ্যসূচী অনুযায়ী নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১. | গত সভার কার্যবিবরণী | দৃঢ়ীকরণ করা হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালগঞ্জ |
| ০২. | গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির পর্যালোচনা | অগ্রগতি সন্তোষজনক | উপজেলা নির্বাহী অফিসার, জামালগঞ্জ |
| ০৩. | উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সুপারিশ পর্যালোচনা/সিদ্ধান্ত গ্রহণ: উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভার কার্যবিবরণীগুলো সভায় পাঠ করে শুনানো হয়। | উপজেলা পরিষদ সভায় উত্থাপনযোগ্য কোন সুপারিশ না থাকায় কোন সিদ্ধান্ত গ্রহণ করা হয়নি। | উপজেলা প্রকৌশলী (এলজিইডি), জামালগঞ্জ। |
| ০৪. | সরকারী বিধি আলোচনা ও পর্যালোচনা ঃ | সরকারি বিধি নিয়ে সভা কোন আলোচনা হয়নি | উপজেলা নির্বাহী অফিসার, জামালগঞ্জ |
| ০৫. | মাননীয় সংসদ সদস্য মহোদয়ের সুপারিশের উপর আলোচনা ঃ | মাননীয় সংসদ সদস্য মহোদয়ের সুপারিশ না থাকায় এবিষয়ে কোন আলোচনা করা হয়নি। | |
| ০৬. | পরিষদের আয়-ব্যয় হিসাবের উপর আলোচনা: উপজেলা নির্বাহী অফিসার উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ মোতাবেক মার্চ ২০২২ মাসে ৫,৪১,৮৫৮.৫৪ টাকা আয় এবং ৬,৩৬,১২৩.০০- টাকা ব্যয় করা হয়েছে। বিগত মাসে উপজেলা পরিষদে ব্যাবহৃত ফটোকপি মেশিনের টোনার ও কম্পিউটার প্রিন্টারের টোনার ক্রয় বাবদ ৯৫০০/-টাকা ব্যয় করা হয়। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ মোতাবেক ব্যয়িত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের অনুমোদনের জন্য সভার দৃষ্টি আকর্ষণ করেন। | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ মোতাবেক উপজেলা পরিষদের রাজস্ব তহবিল পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয় এবং উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক উত্থাপিত বিলসমুহ সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয় এবং উত্থাপিত বিলসমুহের দাবিকৃত অর্থ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার জামালগঞ্জ। |
| বিবিধ ৭. | (ক) উপজেলা নির্বাহী অফিসার জানান যে, স্থানীয় সরকার বিভাগের নির্দেশনা অনুযায়ী, উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে মুজিববর্ষে ভূমিহীন ও গৃহহীন পরিবার পুনর্বাসনের লক্ষে ০২টি পাকা গৃহ নির্মাণ করা হয়েছে। সরকারি প্রক্কলন মোতবেক প্রতিটি ঘরের প্রাক্কলিত মূল্য ২,৫৯,৫০০/- এবং পরিবহন ৭০০০/-টাকা মোট একক গৃহ নির্মাণ ব্যয় ২৫৯,৫০০+৭০০০=২,৬৬,৫০০/- ০২টি গৃহের সর্বমোট ব্যয় ৫,৩৩,০০০/-টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের অনুমোদনের জন্য উপস্থাপন করেন। | এবিষয়ে বিস্তারিত আলোচনান্তে সরকারি সিদ্ধান্ত মোতাবেক মুজিববর্ষে ভূমিহীন ও গৃহহীন পরিবার পুনর্বাসনের লক্ষ্যে ০২টি পাকা গৃহ নির্মাণ বাবদ ৫,৩৩,০০০/-টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |

| | | | |
|---|---|---|---|
| | (খ) উপজেলা নির্বাহী অফিসার জনান যে, ২০২১-২০২২ অর্থ বছরে বোরো ফসল রক্ষা বাঁধের কাজ অত্যন্ত যত্নসহকারে তদারকি করা হয়েছে। উপজেলা কৃষি অফিসারের তথ্য মতে হালির হাওরের প্রায় ৯০% ধান কর্তন করা হয়েছে, অবশিষ্ট ১০% ধান হাওরের অপেক্ষাকৃত উচু জমিতে রয়েছে। গতকাল আসানপুরের নিকটবর্তী স্থানে হঠাৎ করে বাঁধের নিচ দিয়ে সুরঙ্গ সৃষ্টি হয়ে আনুমানিক রাত সাড়ে দশটার ভেঙ্গে যায়। ভেঙ্গে যাওয়ার আগে থেকেই বাঁধ রক্ষা করার চেষ্টা করা হলেও পানির প্রবল চাপে সৃষ্ট স্রোতের কারণে সেটি সম্ভব হয়নি। তবে হাওরের নিচু এলাকাসমূহ আসানপুর, মদনাকন্দি, দূর্গাপুর, উলকান্দি, যতীন্দ্রপুর ও হরিনাকান্দি গ্রামের প্রায় সকল ধান কর্তন করা হয়েছে।<br>আলোচনায় মাননীয় সংসদ সদস্য মহোদয় সভায় জানান যে, সরেজমিন পরিদর্শনে দেখা যায় হালির হাওরের অধিকাংশ বোরো ধান কর্তন করা হয়েছে। পাহাড়ি ঢলের কারণে বৌলাই নদীর পানি অস্বাভাবিক বৃদ্ধি পাওয়ায় আকস্মিকভাবে আছানপুরের নিকটবর্তী ফসলরক্ষা বাঁধ ভেঙ্গে যায়। প্রবল স্রোতের কারণে বাঁশ, বস্তা, মাটি দিয়ে আটকানো সম্ভব হয়নি। তিনি হাওরের উচু স্থানের অবশিষ্ট ধান কাটার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকলকে অনুরোধ জানান। | এবিষয়ে সভায় বিস্তারিক আলোচনা করা হয়। আলোচনায় ২০২১-২০২২ অর্থ বছরে বোরো ফসল রক্ষা বাঁধের কাজে সন্তোষ প্রকাশ করেন। ৩১ মার্চ হতে পাহাড়ি ঢলের কারণে নদীর পানি অস্বাভাবিকভাবে বৃদ্ধি পাওয়া জেলার সবকয়টি ফসলরক্ষা বাঁধ অত্যান্ত ঝুকিপূর্ণ হয়ে পড়লেও জামালগঞ্জ উপজেলার ফসল রক্ষা বাঁধগুলোতে উপজেলা নির্বাহী অফিসারের অক্লান্ত পরিশ্রমের কারণে স্থানীয় জনপ্রতিনিধি, স্থানীয় নেতৃবৃন্দ, সাংবাদিক, কৃষক, পিআইসদের নিয়ে সবকয়টি বাঁধই রক্ষা করা হয়েছে। এযাবৎ হাওর এলাকার অধিকাংশ বোরোধান কর্তন করা হয়েছে। বৌলাই নদীর পানি অস্বাভাবিকভাবে বৃদ্ধি পেয়ে হালির হাওরের আছানপুর এলাকায় ফসলরক্ষা বাঁধ ভেঙ্গে যায়। প্রবল স্রোতের কারণে বাঁশ, বস্তা, মাটি আটকানো না গেলেও ফসলের তেমন ক্ষতি হওয়া সম্ভাবনা নাই। তবে অবশিষ্ট হাওরের বোরো ধান ১০০% কাটা নিশ্চিত করা পর্যন্ত ফসলরক্ষা বাঁধ সমূহের প্রতি বিশেষ নজর রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে সর্বসম্মতিক্রমে অনুরোধ জানানো হয়। | উপজেলা নির্বাহী অফিসার/শাখা কর্মকর্তা, বাপউবো, জামালগঞ্জ, সুনামগঞ্জ ও সংশ্লিষ্ট সকল |
| | (গ) উপজেলা নির্বাহী অফিসার, জামালগঞ্জ জানান, ১৪২৯ বাংলা সনের হাট-বাজার ইজারার জন্য ৬/২/২২ তারিখের ০৫.৪৬.৯০৫০.০০০. ১৪.০৫৯(অংশ-৩).২০.৮০(৫০) নং স্মারক এবং ০৬/০৪/২০২২ তারিখের ০৫.৪৬.৯০৫০. ০০০.১৪.০৫৯(অংশ-৩).২০.১৭৭(৫০) নং স্মারকে যথাক্রমে দৈনিক জালালাবাদ ও দৈনিক আজকের পত্রিকা এবং দৈনিক সুনামগঞ্জ এর খবর পত্রিকার মাধ্যমে পর পর ২বার বিজ্ঞপ্তি দেয়া হয়। জারিকৃত হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি অনুসারে দরপত্র বিক্রয়ের অষ্টম পর্যায়ে ২৪/০৪/২০২২ তারিখে সাচনা বাজারের জন্য ০১টি এবং জামালগঞ্জ বাঁশ ও কাঠ বাজারের জন্য ০১ টি দরপত্র বিক্রি হয়। বিজ্ঞপ্তি অনুসারে ২৫/০৪/২০২২ তারিখে ২টি দরপত্র দাখিল করেন। (১) সাচনা বাজারের জন্য জনাব শাহ মোঃ শাহজাহান, পিতা-মৃত শাহ মোঃ মন্তাজ আলী, সাং-নয়াহালট মাঝহাটি, ডাক-সাচ্না বাজার, উপজেলা-জামালগঞ্জ, জেলা-সুনামগঞ্জ এর উদ্বৃত দর ২০,৬০,০০০/-(বিশ লক্ষ ষাট হাজার) টাকা, যা সরকারি কাঙ্খিত মূল্য ২৪,৯০,৮২৪/-(চব্বিশ লক্ষ নব্বই হাজার আটশত চব্বিশ) টাকার কম (২) জামালগঞ্জ বাঁশ ও কাঠ বাজারের জন্য জনাব মো: সহিদুর রহমান, পিতা-মৃত আব্দুল জব্বার, সাং-নয়াহালট, ডাক-সাচ্না বাজার, উপজেলা-জামালগঞ্জ, জেলা-সুনামগঞ্জ এর উদ্বৃত দর ১৪,০৫,০০০/-(চৌদ্দ লক্ষ পাঁচ হাজার) টাকা, যা সরকারি কাঙ্খিত মূল্য ১৭,৭৯,৩৫২/-(সতের লক্ষ উনষাশি তিনশত বায়ান্ন) টাকার কম মর্মে সভাকে অবহিত করেন।<br>হাটবাজার দরপত্র মূল্যায়ন ও ইজারা প্রদান সংক্রান্ত কমিটির ২৫/০৪/২০২২ তারিখে অনুষ্ঠিত সভায় ৮ম পর্যায়ে প্রাপ্ত দরপত্র ২টি কাংখিত মূল্যের চেয়ে কম হলেও খাস আদায়ের হারের চেয়ে বেশী হওয়ায় এবং অগ্রহী অন্য কোন ইজরাদার না থাকায় (১) সাচনাবাজারের উদ্বৃত দর ২০,৬০,০০০/-(বিশ লক্ষ ষাট হাজার) টাকা এবং (২) | এবিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে পর পর ২বার ইজারা বিজ্ঞপ্তি প্রকাশ এবং ৮ম পর্যায়ের দরপত্র আহবান করার পর মাত্র একক দরপত্র পাওয়া, প্রাপ্ত দরপত্রটির কাংখিত মূল্যের চেয়ে কম হলেও খাস আদায়ের হারের চেয়ে বেশী হওয়ায় এবং অগ্রহী অন্যকোন ইজরাদার না থাকায় (১) সাচনা বাজার ইজারা প্রদানের জন্য জন্য জনাব শাহ মোঃ শাহজাহান, পিতা-মৃত শাহ মোঃ মন্তাজ আলী, সাং-নয়াহালট মাঝহাটি, ডাক-সাচ্না বাজার, উপজেলা-জামালগঞ্জ, জেলা-সুনামগঞ্জ এর উদ্বৃত দর ২০,৬০,০০০/-(বিশ লক্ষ ষাট হাজার) টাকা এবং (২) জামালগঞ্জ বাঁশ ও কাঠ বাজারের জন্য জনাব মো: সহিদুর রহমান, পিতা-মৃত আব্দুল জব্বার, সাং-নয়াহালট, ডাক-সাচ্না বাজার, উপজেলা-জামালগঞ্জ, জেলা-সুনামগঞ্জ এর উদ্বৃত দর ১৪,০৫,০০০/-(চৌদ্দ লক্ষ পাঁচ হাজার) টাকা ইজারা মূলে ১৪২৯ বাংলা সনের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ইজারা প্রদানের অনুমোদনের নিমিত্তে জেলা প্রশাসক, সুনামগঞ্জ মহোদয় বরাবরে প্রেরণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, জামালগঞ্জ, সুনামগঞ্জ। |

| | | | |
|---|---|---|---|
| | জামালগঞ্জ বাঁশ ও কাঠ বাজারের উদ্বৃত দর ১৪,০৫,০০০/- (চৌদ্দ লক্ষ পাঁচ হাজার) টাকা ইজারা মূলে ১৪২৯ বাংলা সনের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ইজারা প্রদানের অনুমোদনের নিমিত্তে উপজেলা পরিষদের সাধারণ সভায় উপস্থাপনের জন্য সর্বসম্মতিক্রমে সুপারিশকৃত কার্যবিবরণীটি সভায় উপস্থাপন/পাঠ করে শুনান। | | |
| (ঘ) বিভাগ ভিত্তিক আলোচনা | | | |
| স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প. প. কর্মকর্তা জানান যে, উপজেলা স্বাস্থ্য ও প. প. বিভাগের কার্যক্রম স্বাভাবিক আছে। আপাতত কোন সমস্যা নাই। | স্বাস্থ্য সেবা কার্যক্রম ভালভাবে চালিয়ে যাওয়ার জন্য উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা যাথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা স্বাস্থ্য ও প. প. কর্মকর্তা, জামালগঞ্জ |
| উপজেলা প্রকৌশলী বিভাগ | উপসহকারী প্রকৌশলী (এলজিইডি) সভাকে জানান, তার বিভাগের কার্যক্রম ভালভাবেই চলছে। ২০২১-২০২২ অর্থ বছরের এডিপির প্রকল্পের আওতায় গৃহীত প্রকল্প সমূহের কার্যক্রম ও বাস্তবায়ন কাজ চলমান আছে। আপাতত কোন সমস্যা নাই। | এডিপির কার্যক্রম দ্রুত বাস্তবায়নের নিমিত্তে উপজেলা প্রকৌশলী যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন। | সংশ্লিষ্ট সকল |
| কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান তার বিভাগের কার্যক্রম ভাল ভাবেই চলছে। বোরো ফসলের অবস্থা ভাল হাওরের অধিকাংশ ধান কর্তন করা হয়ে গেছে। বিশেষ করে হালির হাওরের প্রায় ৯০% ধান কর্তন করা হয়ে গেছে, অবশিষ্ট ১০% ধান অপেক্ষাকৃত উচু জমিতে আছে। বাঁধ ভাঙ্গার কারণে বোরো ধানে বড় ধরনের কোন ক্ষতি হওয়ার আশংকা নাই মর্মে সভাকে অবহিত করেন। | চলতি বোরো ধান যথাসময়ে কর্তনে জন্য কৃষকদের উৎসাহিত করার এবং ১০০% ফসল কর্তনের বিষয়টি নিশ্চিত করার জন্য উপজেলা কৃষি অফিসার, জামালগঞ্জকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, জামালগঞ্জ |
| উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান তার বিভাগের কার্যক্রম ভালভাবেই চলছে। আপাতত কোন সমস্যা নাই। | শিক্ষা বিভাগের কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার, জামালগঞ্জ |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, তার বিভাগের কার্যক্রম ভাল ভাবেই চলছে। আপাতত কোন সমস্যা নাই। | মাধ্যমিক শিক্ষার মান উন্নয়নে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জামালগঞ্জ। |
| মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান, তার বিভাগের কার্যক্রম ভাল ভাবেই চলছে। | মৎস্য বিভাগের কার্যক্রম স্বাভাবিক অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা জামালগঞ্জ, |
| সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, তার বিভাগের কার্যক্রম ভালভাবেই চলছে। | সমবায় বিভাগের কার্যক্রম স্বাভাবিক রাখার অনুরোধ করেন। | উপজেলা সমবায় কর্মকর্তা, জামালগঞ্জ |
| আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান তার বিভাগের কার্যক্রম ভাল ভাবেই চলছে। | উপজেলা আনসার ও ভিডিপি বিভাগের কার্যক্রম স্বাভাবিক রাখার অনুরোধ করা হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, জামালগঞ্জ। |
| সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান তার বিভাগের কার্যক্রম ভাল ভাবেই চলছে। | উপজেলা সমাজ বিভাগের কার্যক্রম সঠিক ভাবে পরিচালনার অনুরোধ করা হয়। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা |
| মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | মহিলা বিষয়ক অফিসের দাপ্তরি কার্যক্রম ভাল ভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, জামালগঞ্জ |
| প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, তার বিভাগের কার্যক্রম ভাল ভাবেই চলছে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে যথাযথ ব্যবস্থা নেয়ার অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম ভাল ভাবেই চলছে। | উপজেলা প্রাণী সম্পদ বিভাগের কার্যক্রম স্বাভাবিক রাখার অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা ,জামালগঞ্জ। |
| পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান তার বিভাগের কার্যক্রম ভাল ভাবেই চলছে। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম সঠিক ভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প.প. কর্মকর্তা। জামালগঞ্জ। |
| যুব উন্নয়ন | সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান তার বিভাগের কার্যক্রম ভাল ভাবেই চলছে। আপাতত কোন সমস্যা নাই। | বিভাগের কার্যক্রম স্বাভাবিক খারার অনুরোধ হয় । | উ: যুব উ: কর্মকর্তা জামালগঞ্জ। |
| বিআরডিবি বিভাগ | উপজেলা বিআরডিবি কর্মকর্তা জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক আছে। | বিআরডিবি'র কার্যক্রম স্বাভাবিক রাখার অনুরোধ করা হয়। | উপজেলা বিআরডিবি কর্মকর্তা, |

| | | | |
|---|---|---|---|
| জনস্বাস্থ্য প্রকৌশলী বিভাগ | উপজেলা জনস্বাস্থ্য কর্মকর্তা সভায় জানান, তার বিভাগের কার্যক্রম ভাল ভাবেই চলছে। | উপজেলা জনস্বাস্থ্য বিভাগের কার্যক্রম স্বাভাবিক রাখার অনুরোধ করা হয়। | উপসহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী, জামালগঞ্জ। |
| খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, তার বিভাগের কার্যক্রম ভালভাবেই চলছে। | খাদ্য-বিভাগের কার্যক্রম স্বাভাবিক রাখার অনুরোধ করা হয় | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জমালগঞ্জ। |
| স্যানিটারি ইন্সপেক্টর | উপজেলা স্যানিটারী ইন্সপেক্টর অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | বাজার মনিটরিং জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | স্যানিটারি ইন্সপেক্টর |
| দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান, তার কার্যক্রম ভালভাবেই চলছে। দাপ্তরিক কাজে আপাতত কোন সমস্যা নাই। | দারিদ্র বিমোচন ফাউন্ডেশন কার্যক্রম স্বাভাবিক রাখার অনুরোধ করা হয়। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, জামালগঞ্জ। |
| উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক | ব্যবস্থাপক, উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান, তার বিভাগের কার্যক্রম ভালভাবেই চলছে। | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | সমন্বয় কারী, একটি বাড়ি একটি খামার, জামালগঞ্জ। |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

২১/৪/২২

(মোঃ ইকবাল আল আজাদ)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
জামালগঞ্জ, সুনামগঞ্জ।

স্মারক নং : ৪৬.৪৬.৯০৫০.০০০.১৪.০০১.২০-২০(৩৫) তারিখঃ ২৬/৪/২০২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১। ইঞ্জিনিয়ার মোয়াজ্জেম হোসেন রতন, মাননীয় সংসদ সদস্য, ২২৪ সুনামগঞ্জ-১, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
৫। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
৬। উপপরিচালক (উপসচিব), স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালগঞ্জ, সুনামগঞ্জ।
৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালগঞ্জ, সুনামগঞ্জ।
৯। চেয়ারম্যান, ......................................................(সকল) ইউপি, জামালগঞ্জ, সুনামগঞ্জ।
১০।......................................................................... (সকল) কর্মকর্তা, জামালগঞ্জ, সুনামগঞ্জ।
১১। অফিস কপি।

২৬/৪/২২

মূখ্য নির্বাহী কর্মকর্তা
ও
উপজেলা নির্বাহী অফিসার
জামালগঞ্জ, সুনামগঞ্জ।